# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৩১

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কাউকে বিপদগ্রস্থ দেখলে কি পড়বে?

باب مَا يَقُولُ إِذَا رَأَى مُبْتَلًى

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ بَزِيعٍ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، مَوْلَى آلِ الزُّبَيْرِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنِ ابْنِ عُمَرَ، عَنْ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ رَأَى صَاحِبَ بَلاَءٍ فَقَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِي عَافَانِي مِمَّا ابْتَلاَكَ بِهِ وَفَضَّلَنِي عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَ تَفْضِيلاً إِلاَّ عُوفِيَ مِنْ ذَلِكَ الْبَلاَءِ كَائِنًا مَا كَانَ مَا عَاشَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ . وَعَمْرُو بْنُ دِينَارٍ قَهْرَمَانُ آلِ الزُّبَيْرِ هُوَ شَيْخٌ بَصْرِيٌّ وَلَيْسَ هُوَ بِالْقَوِيِّ فِي الْحَدِيثِ . وَقَدْ تَفَرَّدَ بِأَحَادِيثَ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي جَعْفَرٍ مُحَمَّدِ بْنِ عَلِيٍّ أَنَّهُ قَالَ إِذَا رَأَى صَاحِبَ بَلاَءٍ فَتَعَوَّذَ مِنْهُ يَقُولُ ذَلِكَ فِي نَفْسِهِ وَلاَ يُسْمِعُ صَاحِبَ الْبَلاَءِ .

বাংলা

৩৪৩১. মুহাম্মাদ ইবন আবদুল্লাহ ইবন বযী (রহঃ) ..... উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি কাউকে বিপদগ্রস্ত দেখে এই দু'আটি পাঠ করে তবে সে যত দিন জীবিত থাকবে ততদিন পর্যন্ত যে কনো ধরনের বিপদ হোক না না কেন- আল্লাহ তাকে সেই বিপদ থেকে মুক্ত রাখবেন। দু'আটি হলঃ

الْحَمْدُ لِلَّهِ الَّذِي عَافَانِي مِمَّا ابْتَلاَكَ بِهِ وَفَضَّلَنِي عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَ تَفْضِيلاً إِلاَّ عُوفِيَ مِنْ ذَلِكَ الْبَلاَءِ

সব তারিফ আল্লাহর, যিনি আমাকে মুক্ত রেখেছেন সেই বিপদ থেকে, যে বিপদে তোমাকে তিনি নিপতিত করেছেন এবং তিনি তার বহু সৃষ্টির উপর মর্যাদা দিয়েছেন আমাকে।

হাসান, ইবনু মাজাহ ৩৮৯২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৩১ [আল মাদানী প্রকাশনী]

হাদিসটি গারীব। এই বিষয়ে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণত আছে। যুবায়ার পরিবারের কোষাধ্যক্ষ আমর ইবন দিনার হলেন একজন বসরাবসী শায়খ। তিনি হাদিসের ক্ষেত্রে নির্ভরযোগ্য রাবি নন। তিনি সালিম ইবন আবদুল্লাহ ইবন উমর থেকে একাকি কিছু হাদিস বর্ণনা করেছেন। আবূ জ'ফার ইবন মুহাম্মাদ ইবন আলী (রহঃ) থেকে বর্ণিত আছে, তিনি বলেনঃ কাউকে বিপদগ্রস্ত দেখলে তা থেকে আল্লাহ্র পানাহ চাইবে। তবে মনে মনে তা বলবে, বিপদগ্রস্থ ব্যক্তিকে তা শুনাবে না।

## English

Umar narrated that:
The Messenger of Allah (ﷺ) said: “Whoever sees a person afflicted and say: ‘All praise is due to Allah Who saved me from that which He has afflicted you with, and blessed me greatly over many of those whom He has created, (Al-ḥamdulillāhi alladhī `āfānī mimmabtalāka bihī wa faḍḍalanī `alā kathīrin mimman khalaqa tafḍīla)’ then he shall be saved from that affliction for as long as he lives.”

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38833

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন